

ভুল বুঝি না জানি

অনেক গাছের নাম জানি নাকো
অনেক অচেনা পাখি ওড়ে,
শুধু তোকে কেন লাগে চেনা
তোকে দেখলে কাঁপি ধূম জ্বরে।

জানি তোকে ডাকলে আসবি না
জানিনা কি বুঝেছিস তুই
আমি শুধু শাড়িতে আনাড়ি
ইচ্ছে করে তোর পাশে শুই।

থোর বড়ি খাড়া দিন আজ খরস্রোতা
শোন বলি এই শোন মেয়ে
মায়ের রান্নার মত তুই এত ভালো
দিন কাটে তোর পথ চেয়ে।

স্বপ্নে দেখি তোর আমার শাড়ি
কথা কইছি তোর কানে কানে
মা বলছে পাত্র পেলে ভালো
বিয়ে দেবে সামনের অঘ্রাণে

তোর চোখ পড়েছি ও মেয়ে
নীরবতা ভাষা সেও দামী
তোর ব্যাথা কে বোঝে ও মেয়ে
দেয়ালের কান আছে জানি

একটা উপায় শোন বলি
ভূগোল বা বিজ্ঞানের খাতা
তোর হাতে তুলে দেব কাল
লিখে রেখে গোপন কথাটা

তোর মনে আমি আসি যাই ?
মরছি যে মরমে মরমে
তুই যদি লজ্জা পেয়ে ভয়ে
আর জনে বলিস শরমে

উত্তর যাই দিস শোন
তোর ছবি আঁকা রইল বুকে
দোষ গুণ জানিনাক আমি
ভালবাসি দিনের আলোকে।